



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১



Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 96155576

নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৩৮/ ১৫৭।২

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯  
০৮ ডিসেম্বর ২০২২

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন কুমলাই ছালেহিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখপূর্বক জনাব কাদের ফকির একথানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবদ্ধায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপালনকালী প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিয়ম স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক .০২... (১২১২) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.১২.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোনঃ ৯৬১৮৮৫৮  
ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

উপজেলা নির্বাহী অফিসার  
রামপাল, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৩৮/ ১৫৭।২

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯  
০৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট;
৪. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, কুমলাই ছালেহিয়া দাখিল মাদ্রাসা, রামপাল, বাগেরহাট;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কুমলাই ছালেহিয়া দাখিল মাদ্রাসা, রামপাল, বাগেরহাট;
৬. জনাব কাদের ফকির (অভিযোগকারী), কিসমত কোমলাই, খেজুর মহল, রামপাল, বাগেরহাট;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৮.১২.২২

মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৮

ই-মেইল: [dadmin@bmeb.gov.bd](mailto:dadmin@bmeb.gov.bd)

০৮.১২.২২

তারিখ-১৩/১০/২০২২

বরাবর  
মাধ্যমিক শিক্ষা অফিসার  
রামপাল, বাগেরহাট।

বিষয়ঃ- কুমলাই ছালিহিয়া দাখিল মাদ্রাসায় নিয়ম বর্তিভূত ভাবে ম্যানেজিং কমিটি গঠন পঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ সরকারী  
নিতিমালা অনুসরন করে নতুন কমিটি গঠন করার নির্দেশনা আছে। সুপার মহোদয় সরকারী নিতিমালা  
না মেনে খসড়া ভোটার তালিকা প্রস্তুত না করে ও ভোট বিহীনভাবে তার পছন্দের লোকদের নাম  
দিয়ে গোপনে কমিটি গঠন করেছেন। গ্রামবাসি ও অভিভাবক এই গোপনে কমিটি গঠনে ত্বর প্রতিবাদ  
জানায় এবং উক্ত কমিটি বাতিল করে সরকারী নিতিমালা অনুসরন করে নতুন কমিটি গঠনের পক্ষে  
মতামত পোষণ করছে।

অতএব জনাব সমিপে আকুল প্রার্থনা কুমলাই ছালিহিয়া দাখিল মাদ্রাসার মনগড়া কমিটি বাতিল করে  
সরকারী নিতিমালা অনুযায়ী কমিটি গঠনের যথাযথ ব্যবস্থ গ্রহনে আপনার সদয় মজি হয়।

বিনীত নিবেদক

অভিভাবকদের পক্ষে ফকির আকুল কাদের  
অভিভাবক ৭ম শ্রেণির শিক্ষার্থী, সুমাইয়া খাতুন  
ও অন্যান্য অভিভাবক মন্ডল

- ১/ ইন্ডিপেন্ডেন্স  
২/ অক্ষয় প্রসূত্যন্দ  
৩/ চাতুর্ষিমা  
৪/ কুমুদী  
৫/ কুমুদী  
৬/ কুমুদী  
৭/ কুমুদী  
৮/ মালুম ইন্ডিপেন্ডেন্স  
৯/ মালুম ইন্ডিপেন্ডেন্স  
১০/ কুমুদী



বরাবর,

চেয়ারম্যান/কন্ট্রোলার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড  
ঢাকা।

বিষয়ঃ কুমলাই সালেহিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য নির্বাচনে অনিয়ম  
প্রসঙ্গে।

মহাত্মা,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি দরখাস্তকারী-আঃ কাদের ফরিদ, পিতা-মোঃ কালু ফরিদ, সাং-ডাকঘর-কুমলাই, উপজেলা-রামপাল, জেলা-বাগেরহাট, কুমলাই সালেহিয়া দাখিল মাদ্রাসার একজন অভিভাবক। আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য পদের একজন আগ্রহী প্রার্থী। কিন্তু-অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, অত্র মাদ্রাসার কমিটি গঠনের লক্ষ্যে তফসীল ঘোষনা এবং ফর্ম বিতরণ সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি কোন দৈনিক প্রতিকায় প্রকাশত হয় নাই এবং মাদ্রাসার নোটিশ বোর্ডেও টানানো হয় নাই। এমনকি পত্র যোগেও এ বিষয়ের কোন অভিভাবককে অবহিত করানো হয় নাই। ফলে আমার পক্ষে এ বিষয়ে কোনভাবে কিছু জানা সম্ভব হয় নাই। অধিকন্তু, একটি মহল মনগঢ়া ম্যানেজিং কমিটি গঠনের উদ্দেশ্যে অত্যন্ত সু-পরিকল্পিতভাবে নিজেদের মত করে অভিভাবক সদস্য মননীত করেছে। যাহা মাদ্রাসার ম্যানেজিং কমিটিতে আমিসহ আরও অনেক স্বচেতন অভিভাবকের অর্তভূক্তির পথে অন্তরায়।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন কুমলাই সালেহিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির প্রক্রিয়াগত অনিয়ম দুরিকরণের লক্ষ্যে কারচুপির মাধ্যমে গঠিত বর্তমান অভিভাবক প্যানেলের কার্যক্রম স্থগিত করে পুনরায় অভিভাবক সদস্য নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে জনাবের আগু হস্তক্ষেপ কামনা করছি এবং সুষ্ঠ তদন্তের মাধ্যমে দায়ীদের বিরংদ্রে আইনগত ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানাচ্ছি।

নিবেদক  
**শেখুরে প্রস্তুত স্বত্ত্ব**

(আঃ কাদের ফরিদ)

তারিখঃ ১৭/১০/২০২২ ইং।